# আপনার প্রস্টেট সম্বন্ধে জানুন

## পুরুষদের জন্য তথ্য




PROSTATE
CANCER UK

Bengali/English


# এই প্রচারপত্র সম্বন্ধে

এই পুস্তিকাটি প্রস্টেট সম্পর্কে যাবতীয় গাইড–আমরা ব্যাখ্যা করছি প্রস্টেট কী, এটা কী করে এবং এতে কী ধরনের সমস্যা হতে পারে।

আমরা এও ব্যাখ্যা করছি – যে কী কী পরিবর্তনের দিকে লক্ষ্য রাখতে হবে এবং যদি আপনি মনে করেন আপনার প্রস্টেটের সমস্যা হয়েছে, তাহলে কী করতে হবে।

# প্রস্টেট কী?

প্রস্টেট একটি গ্রন্থি বা গ্ল্যান্ড। এটা সাধারণত আখরোটের আকারের হয়ে থাকে এবং আপনার প্রৌঢ়ত্বের সঙ্গে সঙ্গে আকারে বাড়ে। এটি ব্লাডারের নিচে ইউরেথ্রা নামক নলটির চারপাশে থাকে, যেটি আমাদের শরীর থেকে মূত্র (প্রস্রাব) বাইরে নিয়ে যায়। প্রস্টেটের মূল কাজ হল বীর্য তৈরীতে সাহায্য করা – যে তরল শুক্রাণু বহন করে।



# প্রস্টেট কাদের থাকে?

নিম্নলিখিত মানুষদের প্রস্টেট থাকে:
- পুরুষ
- ট্রান্স মহিলা*
- নন-বাইনারি মানুষ যাদেরকে জন্মের সময় পুরুষ বলে লিঙ্গ পরিচয় আরোপ করা হয়েছিল**
- কিছু ইন্টারসেক্স মানুষ***

# আপনার প্রস্টেট নিয়ে কী সমস্যা হতে পারে?

প্রস্টেটের যে সমস্যাগুলি সবচেয়ে বেশি দেখা যায়, তা হল:
- একটি বৃদ্ধিপ্রাপ্ত প্রস্টেট
- প্রস্টেটাইটিস
- প্রস্টেট ক্যান্সার।

* ট্রান্স মহিলা হলেন এমন কেউ যার জন্মের সময় রেজিস্টার্ড লিঙ্গ পরিচয় পুরুষ হলেও তিনি নিজেকে মহিলা বলে পরিচয় দেন। ট্রান্স মহিলাদের মধ্যে প্রস্টেটের সমস্যা দেখা দিতে পারে, এমনকি যদি তারা হরমোন নিয়ে থাকেন বা তাদের জেনিটাল রিকনস্ট্রাক্টিভ সার্জারি হয়ে থাকে তবুও। এই সার্জারি চলার সময় প্রস্টেট বাদ দেওয়া হয় না।

** নন-বাইনারি ব্যক্তি পুরুষ বা মহিলা কোনটিই হিসেবে নিজের পরিচয় না দিতে পারেন।

*** ইন্টারসেক্স ব্যক্তির মধ্যে পুরুষ ও মহিলা উভয়েরই যৌন বৈশিষ্ট্য থাকে এবং প্রস্টেটও থাকতে পারে।

# কী পরিবর্তনের দিকে আমার নজর রাখতে হবে?

যখন আপনি প্রস্রাব করবেন তখন যদি আপনি কোনও পরিবর্তন দেখেন বা নিচে উল্লিখিত কোনও সমস্যা ঘটে, সেটা হয়ত আপনার প্রস্টেটে একটা সমস্যার ইঙ্গিত হতে পারে।

☑ আপনার এর মধ্যে কোনও সমস্যা থাকলে সেগুলিতে দাগ দিন এবং এই পুস্তিকাটি আপনার ডাক্তার বা নার্সের কাছে নিয়ে যান। তা আপনার পক্ষে সহায়ক হতে পারে।

যে যে পরিবর্তনগুলির প্রতি নজর রাখতে হবে, তা হল:

- ☐ স্বাভাবিকের চেয়ে বেশি ঘন ঘন প্রস্রাব করার প্রয়োজন হচ্ছে, বিশেষত রাতেও
- ☐ প্রস্রাব শুরু করতে অসুবিধা হচ্ছে
- ☐ প্রস্রাব শেষ করতে বেশিক্ষণ সময় লাগছে বা কুঁথে কুঁথে করতে হচ্ছে
- ☐ প্রস্রাব করার সময় খুব ক্ষীণভাবে প্রস্রাব প্রবাহিত হচ্ছে
- ☐ আপনার মূত্রথলি ঠিকভাবে খালি হয়নি এমন অনুভূতি
- ☐ হঠাৎ করে প্রস্রাব করার প্রয়োজন অনুভব – কখনও কখনও আপনি টয়লেটে পৌঁছানোর আগেই একটু প্রস্রাব হয়ে যাওয়া
- ☐ আপনি প্রস্রাব শেষ করার পরেও একটু একটু চুঁইয়ে পড়া।

অপেক্ষাকৃত কম দেখা যায়, এমন পরিবর্তনগুলির মধ্যে আছে:

- ☐ প্রস্রাব করার সময় ব্যথা
- ☐ বীর্যক্ষরণের সময় ব্যথা
- ☐ প্রস্রাব বা বীর্যে রক্ত
- ☐ লিঙ্গোত্থান করতে বা বজায় রাখতে সমস্যা।


প্রস্রাবজনিত সমস্যা বয়স্ক পুরুষদের মধ্যে বেশি সাধারণ। কোনও সংক্রমণ, ডায়াবেটিস ধরনের কোনও শারীরিক সমস্যা, অথবা কিছু ওষুধের কারণেও তা ঘটতে পারে।

**মূত্রজনিত সমস্যা সাধারণত ক্যান্সার থেকে সৃষ্টি হয় না।** আমরা এখানে যেগুলি নিয়ে আলোচনা করছি, আপনি সেরূপ কোনও পরিবর্তন লক্ষ্য করলে, আপনার ডাক্তার বা নার্সের সঙ্গে কথা বলুন। আপনি 0800 074 8383 নম্বরে আমাদের বিশেষজ্ঞ নার্সদের কল করতেও পারেন, এবং একজন দোভাষীর সাহায্যে কথা বলতে চাইতে পারেন।

# বড় হয়ে যাওয়া প্রস্টেট কী?

বড় হয়ে যাওয়া প্রস্টেট হল প্রস্টেটের আকার বেড়ে যাওয়া। আপনার ডাক্তার হয়তো একে বিনাইন প্রস্টেটিক এনলার্জমেন্ট (BPE) বা বিনাইন প্রস্টেটিক হাইপারপ্লাসিয়া (BPH) বলতে পারেন। 50-এর বেশি বয়সী পুরুষদের ক্ষেত্রে এটা খুব সাধারণ সমস্যা। একটি বর্ধিত প্রস্টেট মানেই ক্যান্সার নয় এবং এর ফলে আপনার প্রস্টেট ক্যান্সার হওয়ার ঝুঁকি বেড়ে যায় **না**।

### একটি স্বাভাবিক প্রস্টেট




### একটি বৃদ্ধিপ্রাপ্ত প্রস্টেট




প্রস্টেটটি যত বড় হয়, এটা তত ইউরেথ্রার (যে নালীর মাধ্যমে আপনি মূত্র ত্যাগ করেন) উপর চাপ সৃষ্টি করে মূত্র প্রবাহকে ধীরগতি বা বন্ধ করে দিতে পারে।

এর ফলে যা হতে পারে:


- ☐ প্রস্রাব করার সময় খুব ক্ষীণভাবে প্রস্রাব প্রবাহিত হচ্ছে
- ☐ আপনার মূত্রথলি ঠিকভাবে খালি হয়নি এমন অনুভূতি
- ☐ প্রস্রাব শুরু করতে অসুবিধা হচ্ছে
- ☐ আপনি প্রস্রাব শেষ করার পরেও একটু একটু চুঁইয়ে পড়া
- ☐ স্বাভাবিকের চেয়ে বেশি ঘন ঘন প্রস্রাব করার প্রয়োজন হচ্ছে, বিশেষত রাতেও
- ☐ হঠাৎ করে প্রস্রাব করার প্রয়োজন অনুভব – কখনও কখনও আপনি টয়লেটে পৌঁছানোর আগেই অল্প প্রস্রাব হয়ে যাওয়া।

এই লক্ষণগুলির সবগুলি আপনার নাও থাকতে পারে, এবং বর্ধিত প্রস্টেট সহ কিছু পুরুষের কোনও লক্ষণ নাও থাকতে পারে। অন্যান্য কিছু কারণেও এই লক্ষণগুলি দেখা যেতে পারে, যেমন ঠাণ্ডা আবহাওয়া, দুশ্চিন্তা, স্বাস্থ্য সংক্রান্ত অন্য সমস্যা, আপনার জীবনযাত্রার ধরন এবং কিছু ওষুধ।

বর্দ্ধিত প্রস্টেটের লক্ষণ চিকিৎসা করার কিছু উপায় আছে, যেমন আপনার পানীয় বদলানো, ওষুধপত্র, অথবা শল্যচিকিৎসা।

# প্রস্টেটাইটিস কী?

প্রস্টেটাইটিস প্রস্টেটে একটি সংক্রমণ বা প্রদাহ (ফোলা)। এটা ক্যান্সার নয় এবং এর ফলে আপনার প্রস্টেট ক্যান্সার হওয়ার ঝুঁকি বেড়ে যায় **না**। এটা যে কোনও বয়সের পুরুষদের আক্রান্ত করতে পারে, তবে 30 ও 50 বছর বয়সী পুরুষদের মধ্যে এটা সবচেয়ে বেশি দেখা যায়।



ব্যক্তিভেদে লক্ষণ ভিন্ন ভিন্ন হতে পারে এবং এর অন্তর্ভুক্ত রয়েছে:

- আপনার অণ্ডকোষে, অণ্ডকোষের মাঝের অংশে ও পিছনের পথের মধ্যে, অথবা লিঙ্গের ডগায় বেদনা, অস্বস্তি বা যন্ত্রণা
- পেটের নিম্নাংশে, কুঁচকিতে বা কোমরে ব্যথা বা অস্বস্তি
- প্রস্রাব করতে অসুবিধা এবং আপনার মূত্রথলি ঠিকমত খালি হয়নি এমন অনুভূতি
- বেশি ঘন ঘন বা জরুরি ভিত্তিতে প্রস্রাব করার প্রয়োজন হচ্ছে
- প্রস্রাব করার সময় বা তারপরে ব্যথা বা জ্বালাযন্ত্রণা
- আপনি যেন গল্ফ বলের মত একটা কিছুর উপর বসে আছেন এমন বোধ
- যৌনতার আকাঙ্ক্ষাহীনতা (হ্রাসপ্রাপ্ত কামেচ্ছা)
- লিঙ্গোত্থানকরণ বা লিঙ্গ উত্থিত রাখার ক্ষেত্রে সমস্যা, বীর্যপাতের পরে ব্যথা বা জ্বালা, এবং শীঘ্র বীর্যপাত – যদিও এই লক্ষণগুলি কম দেখা যায়।

তীব্র প্রস্টেটাইটিস এর ফলে উষ্চ তাপমাত্রায় জ্বর আসতে ও ঘাম হতে পারে এবং আপনার হাসপাতালে যাওয়ার প্রয়োজন হতে পারে।


প্রস্টেটাইটিস নিয়ন্ত্রণ বা সারিয়ে তোলার ক্ষেত্রে সহায়ক পদক্ষেপগুলির মধ্যে আছে, বিশ্রাম, প্রচুর পরিমাণে জলপান, এবং ওষুধ সেবন।

# প্রস্টেট ক্যান্সার কী?

এটি ঘটে যখন প্রস্টেটের মধ্যে যখন একটি মাংসপিণ্ড বাড়তে থাকে।

প্রায়শই প্রস্টেট ক্যান্সার প্রথমদিকে ধীরে ধীরে বাড়ে এবং হয়ত কখনোই কোনও সমস্যা তৈরী নাও করতে পারে। কিন্তু কিছু প্রস্টেট ক্যান্সার বেশি দ্রুত বাড়তে পারে। এতে সমস্যা সৃষ্টির সম্ভাবনা বেশি এবং এটা ছড়িয়ে পড়া বন্ধ করার জন্য চিকিৎসা প্রয়োজন।

প্রস্টেট ক্যান্সারের বহু রকমের চিকিৎসা আছে। কিছু চিকিৎসা ক্যান্সার থেকে মুক্তি দেওয়ার লক্ষ্যে কাজ করে। যদি ক্যান্সার থেকে মুক্তি দেওয়া সম্ভব না হয়, তা নিয়ন্ত্রণে রাখার জন্য চিকিৎসা আছে।



# প্রস্টেট ক্যান্সারের কোনও রোগলক্ষণ আছে কি?

**প্রস্টেট ক্যান্সারের প্রাথমিক অবস্থায় বেশিরভাগ ব্যক্তির কোনও রোগলক্ষণ থাকে না।**

কিন্তু কিছু ব্যক্তির পক্ষে মূত্রত্যাগ (প্রস্রাব) করা মুশকিল হতে পারে। আপনি যদি আপনার প্রস্রাব করার ধরনে পরিবর্তন লক্ষ্য করেন (পৃষ্ঠা 4 দেখুন), এটা বর্দ্ধিত প্রস্টেট বা অপর কোনও স্বাস্থ্য সমস্যার লক্ষণ হবার সম্ভাবনা বেশি। তবু, আপনার ডাক্তারের সাথে কথা বলা ভাল।


যদি প্রস্টেটের বাইরের অংশে প্রস্টেট ক্যান্সার ছড়িয়ে পড়ে (স্থানীয়ভাবে অগ্রসরপ্রাপ্ত প্রস্টেট ক্যান্সার) বা শরীরের অন্যান্য অঙ্গে ছড়ায় (অগ্রসরপ্রাপ্ত প্রস্টেট ক্যান্সার), তাহলে এটি অন্যান্য উপসর্গ সৃষ্টি করতে পারে, যার মধ্যে রয়েছে:

- ☐ কোমরে, পাছায় বা পেলভিসে ব্যথা
- ☐ লিঙ্গোত্থান করতে বা বজায় রাখতে সমস্যা
- ☐ প্রস্রাব বা বীর্যে রক্ত
- ☐ অকারণে ওজন হ্রাস।


এই রোগলক্ষণগুলি সাধারণত প্রস্টেট ক্যান্সার ছাড়া অন্য কিছুর কারণে ঘটে থাকে। কিন্তু আপনার ডাক্তারের সাথে কথা বলা সত্যিই ভাল ভাবনা যাতে তিনি দেখতে পারেন সমস্যার কারণ কী এবং আপনার সঠিক চিকিৎসা প্রাপ্তি নিশ্চিত করতে পারেন।

# আমার কি প্রস্টেট ক্যান্সার হওয়ার ঝুঁকি আছে?


ইউকে-তে 8 জন পুরুষের মধ্যে 1 জনের প্রস্টেট ক্যান্সার হয়।




আপনার প্রস্টেট ক্যান্সার হবার সম্ভাবনা বেশি থাকবে যদি:




**আপনার বয়স 50 বা তার বেশি হলে–** এবং আপনার প্রৌঢ়ত্ব বৃদ্ধির সাথে সাথে আপনার ঝুঁকি বৃদ্ধি পায়।



**পারিবারিক ইতিহাস এবং জিন–** আপনার বাবা বা ভাইয়ের এটা হয়ে থাকলে – আপনার এটা হওয়ার সম্ভাবনা আড়াই গুণ বেড়ে যায়। আপনার ঝুঁকি বেশি থাকে যদি আপনার মা অথবা বোনের স্তন ক্যান্সার হয়ে থাকে।



**আপনি একজন কৃষ্ণাঙ্গ পুরুষ–** হলে অন্যান্য পুরুষদের থেকে কম বয়সে আপনার প্রস্টেট ক্যান্সার হওয়ার সম্ভাবনা আরও বেশি থাকে। আপনার বয়স 45 পার করলে আপনার ঝুঁকি বাড়তে পারে।

**আমি কি প্রস্টেট ক্যান্সার প্রতিরোধ করতে পারি?**
কেউ জানেন না প্রস্টেট ক্যান্সার কী ভাবে প্রতিরোধ করা যায়, তবে স্বাস্থ্যসম্মত ওজন বজায় রাখা গুরুত্বপূর্ণ হতে পারে। অতিরিক্ত ওজন বা মোটা হলে আপনার ক্যান্সার হবার ঝুঁকি আগ্রাসী হয়ে ওঠার (ছড়িয়ে পড়ার বেশি সম্ভাবনা) বা অগ্রসরপ্রাপ্ত (ক্যান্সার যা প্রস্টেটের বাইরে ছড়িয়ে পড়ে) হয়ে ওঠার সম্ভাবনা বেড়ে যায়।

# এর পর আমি কী করব?

এই পুস্তিকাতে আলোচিত পরিবর্তনগুলির মধ্যে কোনও একটাও যদি আপনি লক্ষ্য করেন অথবা আপনার প্রস্টেট ক্যান্সারের ঝুঁকি আছে কিনা তা নিয়ে আপনি উদ্বিগ্ন বোধ করেন, তাহলে আপনার ডাক্তারের কাছে যান। আপনি 0800 074 8383 নম্বরে আমাদের বিশেষজ্ঞ নার্সদের কলও করতে পারেন, এবং একজন দোভাষীর সাহায্যে কথা বলতে চাইতে পারেন।

মূত্রজনিত সমস্যা সাধারণত অন্যান্য কারণে হয় যেগুলি ক্যান্সার নয় এবং তাতে সাহায্য করার জন্যে চিকিৎসা রয়েছে। কিন্তু যেকোনও লক্ষণ সম্পর্কে আপনার ডাক্তারের সঙ্গে কথা বলা গুরুত্বপূর্ণ।

> **প্রস্টেট ক্যান্সার সম্পর্কিত একটি টিভি অনুষ্ঠান দেখার পর আমি মনে করি আমার ঝুঁকি থাকতে পারে এবং ডাক্তারকে দেখাতে যাই।**
>
> একটি ব্যক্তিগত অভিজ্ঞতা

# আমার কোনও উপসর্গ না থাকলে কী হবে?

আপনার বয়স 50 বছরের (বা 45 বছরের বেশি যদি আপনার পরিবারে প্রস্টেট ক্যান্সারের ইতিহাস থাকলে বা আপনি কৃষ্ণাঙ্গ পুরুষ হলে) বেশি হলে, আপনার GP-র সাথে কথা বলুন এমনকি যদি আপনার উপসর্গ নাও থাকে। এগুলি এমন বিষয় যা আপনার প্রস্টেট ক্যান্সার হওয়ার ঝুঁকি বাড়িয়ে তুলতে পারে।

# আমার কোনও ডাক্তার না থাকলে কী হবে?

আপনার পরিবার বা আপনার কাছাকাছি থাকেন এমন বন্ধুদের জিজ্ঞাসা করুন যে তারা কোনও ডাক্তারের কাছে যান। অথবা আপনি নিচে উল্লিখিত ওয়েবসাইটগুলি থেকে আপনার কাছের একজন ডাক্তার খুঁজে নিতে পারেন:

- ইংল্যান্ডে **www.nhs.uk**
- স্কটল্যান্ডে **www.nhsinform.scot**
- ওয়েলসে **www.111.wales.nhs.uk**
- নর্দার্ন আয়ারল্যান্ডে **www.hscni.net**।

আপনার কোনও GP না থাকলে আপনি বিনামূল্যে নন-এমার্জেন্সি চিকিৎসা সহায়তা পেতে NHS 111-কেও কল করতে পারেন।

## ডাক্তারের কাছে যাওয়ার ব্যাপারে চিন্তিত?

কিছু ব্যক্তি পরীক্ষা করা সম্পর্কে উদ্বিগ্ন বা অপ্রস্তুত বোধ করেন। কিন্তু তা যেন আপনাকে ডাক্তারের কাছে যাওয়া থেকে বিরত না করে।

মনে রাখবেন, পরীক্ষা-নিরীক্ষাগুলি আপনার ডাক্তারকে সবচেয়ে ভালো ধারণা দেয় যে আপনার এমন কোনও সমস্যা আছে কিনা যাতে চিকিৎসার প্রয়োজন। যখন আপনি ডাক্তারের সাথে সাক্ষাৎকার ধার্য করবেন, তখন পুরুষ ডাক্তারকে দেখাতে চাইতে পারেন।

## আমার ডাক্তার কী কী পরীক্ষা-নিরীক্ষা করবেন?

আপনার ডাক্তার জিজ্ঞেস করবেন আপনার কোনও উপসর্গ আছে কিনা এবং আপনার সমস্যা আছে কিনা তা জানার জন্যে কয়েকটি পরীক্ষা-নিরীক্ষা করাতে পারেন।

## ডায়েরি
আপনার ডাক্তার আপনাকে কয়েকদিনের জন্য একটি ডায়েরি রাখতে বলতে পারেন যাতে আপনি কতটা পান করেন তা পরিমাপ করা যায়। কী থেকে আপনার উপসর্গ সৃষ্টি হচ্ছে তা দেখার জন্য এটি করা হয়। আপনাকে অন্য পরীক্ষা-নিরীক্ষাও করতে হতে পারে।

## মূত্র পরীক্ষা
আপনার ডাক্তার মূত্রের নমুনা চাইতে পারেন রক্ত বা সংক্রমণ পরীক্ষা করার জন্যে যার থেকে আপনার সমস্যা হয়ে থাকতে পারে।

## রক্ত পরীক্ষা
আপনার ডাক্তার রক্ত পরীক্ষা করাতে পারেন আপনার রক্তে পিএসএ-র (প্রস্টেট স্পেসিফিক অ্যান্টিজেন) পরিমাণ দেখার জন্যে। পিএসএ প্রস্টেটে তৈরী হয়। আপনার পিএসএ-র মাত্রা বেশি হলে, আপনার প্রস্টেটে সমস্যা থাকতে পারে।

আপনার বয়স 50 বছরের বেশি হলে এবং আপনি ডাক্তার বা নার্সের সাথে সুবিধা অসুবিধাগুলি নিয়ে কথা বলে থাকলে আপনার পিএসএ জানার জন্য রক্ত পরীক্ষা করার অধিকার আছে।

## শারীরিক পরীক্ষা
আপনার ডাক্তার হয়ত পশ্চাদ্দার (মলাশয়) দিয়ে আপনার প্রস্টেটের অবস্থা কেমন তা অনুভব করতে চাইতে পারেন। একে বলে ডিজিটাল রেক্টাল এক্সামিনেশন/digital rectal examination (DRE)। কিছু পুরুষ এটা ঈষৎ অস্বাচ্ছন্দ্যকর বা লজ্জাজনক মনে করেন, তবে সাধারণত তা যন্ত্রণাদায়ক হওয়া উচিত না। তবে, আপনাকে DRE করতেই হবে এমন নয়। আপনি শুধু PSA পরীক্ষা করনোরই সিদ্ধান্ত নিতে পারেন। আপনার ডাক্তার আপনার তলপেট ও লিঙ্গ পরীক্ষা করেও দেখতে পারেন।

## একটি ব্যক্তিগত উপাখ্যান

**অ্যালি, যখন 59 বছর বয়সী ছিলেন তখন তাঁর প্রস্টেট ক্যান্সার ধরা পড়ে:**

"যখন আমার DRE হল আমি ভাবলাম – কয়েক মুহূর্তের অস্বস্তি হলেও আমি বাঁচতে পারি। এটা আমি সবসময় সবাইকে বলি – হ্যাঁ, এটা অস্বস্তিদায়ক এবং এটা দারুণ কিছু নয়, কিন্তু যদি এটা আপনার জীবন বাঁচাতে পারে, কয়েক মুহূর্তের জন্যে কষ্ট সামলে নিন। লজ্জা পেয়ে মরবেন না।"

# আমি কোথায় আরো বেশি তথ্য জানতে পারব?

আমাদের বিশেষজ্ঞ নার্সরা দোভাষীর মাধ্যমে আপনার নিজের ভাষায়, ফোনে সহায়তা দিতে পারেন। কেবল 0800 074 8383-এ ফোন করুন, এবং ইংরেজিতে বলুন আপনি কোন্ ভাষা ব্যবহার করতে চান।

আপনি কোনও পারিবারিক সদস্য বা বন্ধুকেও আমাদের ফোন করার জন্য অনুরোধ করতে পারেন যিনি আপনার হয়ে কথাবার্তা শুরু করবেন। কোনও দোভাষীর সাথে আপনার সংযোগ করাতে মাত্র কয়েক মিনিট সময় লাগে।

আপনার চাহিদামত সকল প্রশ্নগুলি করুন, অথবা শুধু কথা বলুন – আমাদের বিশেষজ্ঞ নার্সরা আপনার জন্য উপস্থিত আছেন। সঙ্গী, পারিবারিক সদস্য ও বন্ধুদের সাথেও আমরা কথা বলতে পারি।

আপনি প্রস্টেটের সমস্যা, তার চিকিৎসা ও প্রস্টেট ক্যান্সার নিয়ে জীবন কাটানোর বিষয়ে আরও তথ্যের লিঙ্ক পাবেন বাংলায় আমাদের ওয়েবসাইটে
**www.prostatecanceruk.org/other-languages**

# Prostate Cancer UK সম্পর্কে

Prostate Cancer UK–এর একটি সরল আশা আছে: রোগ প্রতিরোধ, নির্ণয়, চিকিৎসা ও সহায়তার ক্ষেত্রে উন্নতি ঘটানোর মাধ্যমে – প্রস্টেট ক্যান্সারের কারণে মানুষের মৃত্যু বন্ধ করা।

Prostate Cancer UK–তে আমরা বিশেষ যত্নের সাথে প্রস্টেটের অসুখ সম্বন্ধে হাল আমলের, নিরপেক্ষ ও নির্ভুল তথ্য প্রদান করে থাকি। আমরা আশা করি, যে চিকিৎসাগত উপদেশ আপনি পেয়েছেন এগুলি তাতে আরো সংযোজন করবে এবং আপনার সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করবে। আমাদের পরিষেবা আপনার ডাক্তারের উপদেশের বিকল্প নয়।

# আপনার নিজের ভাষায় আমাদেরকে প্রশ্ন জিজ্ঞাসা করুন

আপনি কি প্রস্টেটের সমস্যা নিয়ে উদ্বিগ্ন বা আপনার প্রস্টেট ক্যান্সার ধরা পড়েছে? আমাদের বিশেষজ্ঞ নার্সরা দোভাষীর মাধ্যমে আপনার নিজের ভাষায়, ফোনে সহায়তা দিতে পারেন। আমরা আপনাকে 200টিরও বেশি ভাষায় সহায়তা করতে পারি।

কেবল 0800 074 8383–এ ফোন করুন, এবং ইংরেজিতে বলুন আপনি কোন ভাষা ব্যবহার করতে চান।

আপনি কোনও পারিবারিক সদস্য বা বন্ধুকেও আমাদের ফোন করার জন্য অনুরোধ করতে পারেন যিনি আপনার হয়ে কথাবার্তা শুরু করবেন। কোনও দোভাষীর সাথে আপনার সংযোগ করাতে মাত্র কয়েক মিনিট সময় লাগে।

সঙ্গী, পারিবারিক সদস্য ও বন্ধুদের সাথেও আমরা কথা বলতে পারি।

# আমাদের বিশেষজ্ঞ নার্সদের সাথে কথা বলুন

**0800 074 8383***

**prostatecanceruk.org**

Trusted Information Creator

*Patient Information Forum*

Facebook-এ আমাদের ‘লাইক’ করুন: **Prostate Cancer UK**

Twitter-এ আমাদের ‘ফলো’ করুন: **@ProstateUK**

© Prostate Cancer UK জানুয়ারি 2023
জানুয়ারি 2026-এ পর্যালোচনা করা হবে

**আমাদের বিশেষজ্ঞ নার্সদের ফোন করুন সোম থেকে শুক্র সকাল 9টা - সন্ধ্যা 5টা, বুধ সকাল 10টা - বিকেল 5টা**

* কলগুলি রেকর্ড করা হয় শুধুমাত্র প্রশিক্ষণ দেবার জন্যে। যারা কল করেন তাঁদের ও Prostate Cancer UK-র মধ্যে গোপনীয়তা রক্ষা করা হয়।

Prostate Cancer UK ইংল্যান্ড ও ওয়েলস (1005541) এবং স্কটল্যাণ্ডে (SC039332) একটি নিবন্ধিত চ্যারিটি বা দাতব্য প্রতিষ্ঠান। রেজিস্টার্ড কোম্পানি নম্বর 02653887।

6688 FYP-BEN/JUN23

FSC www.fsc.org MIX Paper from responsible sources FSC® C005739